

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd



ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৯.৯০১ কিলোমিটার (উড়াল ৬৮.৭২৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৫টি স্টেশন (উড়াল ৫২টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে গত ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ চতুর্থ প্ল্যাটফর্ম সভা অনুষ্ঠিত হয়েছে। MRT Line-2 এর PPP Research সম্পন্ন করে গত মার্চ ২০২০ মাসে প্রতিবেদন দাখিল করা হয়েছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রিলিমিনারি স্টাডি করছে। প্রিলিমিনারি স্টাডি'র অগ্রগতি ৭৫.০০%। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) হেক্টর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভুক্ত করার প্রস্তাব গত ২৩ জুন ২০২১ তারিখ দাখিল করা হয়েছে।